

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা

বিষয়ঃ আগামী ২৩/০৬/২০১৬ তারিখ আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস-২০১৬ উদযাপনের লক্ষ্যে কর্মসূচি প্রণয়নের নিমিত্ত ১৬/০৬/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

আগামী ২৩/০৬/২০১৬ তারিখ আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস-২০১৬ উদযাপনের লক্ষ্যে কর্মসূচি প্রণয়নের নিমিত্ত ১৬/০৬/২০১৬ তারিখে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে দপ্তর/সংস্থার প্রধানদের নিয়ে অনুষ্ঠিত হবার জন্য নির্ধারিত সভাটি সচিব মহোদয়ের অন্যত্র জরুরি কাজ থাকায় জনাব বিমান কুমার সাহা এনডিসি, অতিরিক্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযোজিত।

২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি অবহিত করেন যে, আগামী ২৩ জুন, ২০১৬ জাতিসংঘ ঘোষিত আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস। উক্ত দিবস বাংলাদেশেও যথাযথভাবে পালন করা হবে এবং এ দিবস পালনের জন্য মন্ত্রণালয় ভিত্তিক কর্মসূচি প্রণয়ন করা প্রয়োজন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়টি সভায় উপস্থাপনের জন্য যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়কে আহ্বান জানান। যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে ০৬/০৬/২০১৬ তারিখে উক্ত মন্ত্রণালয়ে এ বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আগামী ২৩/০৬/২০১৬ খ্রিঃ তারিখ আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস হিসেবে সকল মন্ত্রণালয়, অধীনস্থ সকল প্রতিষ্ঠান এবং অধীনস্থ বিভাগীয়, জেলা ও উপজেলাসহ সকল পর্যায়ের অফিসসমূহে জনগণকে একটি বিশেষ সেবা প্রদানের মাধ্যমে উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিটি মন্ত্রণালয় উল্লিখিত দিবসে কি কি বিষয় বাস্তবায়ন করবে সে সংক্রান্ত কর্মসূচি অধীনস্থ দপ্তর/সংস্থার প্রধানদের নিয়ে প্রণয়ন করে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। সে প্রেক্ষাপটে এ সভা আহ্বান করা হয়েছে।

৩। তিনি সভাকে আরও অবহিত করেন যে, এ দিবসটি পালনের পাশাপাশি জনপ্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের সৃজনশীল কার্যক্রমে উৎসাহিত করার মাধ্যমে কর্মস্পৃহা বৃদ্ধি ও সরকারের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন অধিকতর গতিশীল করার লক্ষ্যে জনপ্রশাসন পদক নীতিমালা অনুযায়ী যোগ্য কর্মকর্তা, কর্মচারী ও প্রতিষ্ঠানকে জনপ্রশাসন পদক দেওয়া হবে। অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, দিবসটি উদযাপন উপলক্ষে রক্তদান কর্মসূচি গ্রহণের আয়োজন করা যেতে পারে। তদপ্রেক্ষিতে সভাপতি মহোদয় বলেন যে, বর্তমানে পবিত্র মাহে রমজান চলমান থাকায় এ কর্মসূচিটি বাস্তবায়ন করা সম্ভব হবে না। অতিরিক্ত সচিব (পরিবার কল্যাণ ও কার্যক্রম) সভাকে অবহিত করেন যে, দিবসটি উদযাপন উপলক্ষে পরিবার পরিকল্পনা বিভাগের জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ সেবা গ্রহিতাদের সাথে যোগাযোগ এবং নিবিড়ভাবে পরামর্শ প্রদান করতে পারেন। যুগ্মসচিব (হাসপাতাল) সভাকে অবহিত করেন যে, দিবসটি উদযাপন উপলক্ষে উক্ত দিন হাসপাতালের বহিঃবিভাগে বিভাগীয় প্রধান, অধ্যাপক, তত্ত্বাবধায়ক ও সিনিয়র পর্যায়ের চিকিৎসকগণ চিকিৎসা সেবা প্রদান করতে পারেন। সভায় দিবসটি উদযাপন উপলক্ষে হাসপাতালসহ সকল প্রতিষ্ঠান পরিষ্কার পরিচ্ছন্ন রাখা যেতে পারে মর্মে আলোচনা করা হয়। এছাড়াও দিবসটি পালনের জন্য স্ব স্ব দপ্তর/সংস্থা আলোচনা সভার ব্যবস্থা করতে পারেন মর্মেও আলোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(১) আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস সম্পর্কে মন্ত্রণালয়/অধীনস্থ দপ্তর/ সংস্থাকে অবহিত করা এবং দিবসটি পালনের জন্য স্ব স্ব দপ্তর/সংস্থা আলোচনা সভার ব্যবস্থা করবেন।

(২) হাসপাতালসহ সকল প্রতিষ্ঠান প্রধান পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ করবেন।

(৩) বিভাগীয় প্রধান, অধ্যাপক, তত্ত্বাবধায়ক ও সিনিয়র পর্যায়ের চিকিৎসক/কর্মকর্তাগণ বহিঃবিভাগে চিকিৎসা সেবা প্রদান করবেন।

(৪) মন্ত্রণালয়/অধিদপ্তর হতে মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণ টেলিফোনে দিবসটি সম্পর্কে অবহিত করবেন এবং তাদেরকে চিকিৎসা সেবা প্রদান নিশ্চিতকরণের বিষয়টি পর্যবেক্ষণ করবেন।

(৫) পরিবার পরিকল্পনা বিভাগের জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ সেবা গ্রহীতাদের সাথে যোগাযোগ করবেন এবং নিবিড়ভাবে পরামর্শ প্রদান করবেন।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/
তাং-২১/০৬/২০১৬
(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

নং-স্বাপকম/প্রশা-১/বিবিধ-২৬/ ৯৩০/১(৩৫)
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

তারিখঃ ২১/০৬/২০১৬ খ্রিস্টাব্দ

- ১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/ঔষধ প্রশাসন অধিদপ্তর।
- ৩। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৫। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। পরিচালক, সেবা পরিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৮। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো মহাখালী, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)
উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

sasadmin1@mohfw.gov.bd